সংবাদ

তারিখ ... 28 SEP 2016 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ৩ ...



কাঁঠালিয়া (ঝালকাঠি) : সেতুর অভাবে জীবনের ঝুঁকি নিয়ে কলাগাছের ভেলায় চড়ে স্কুলের পথে অদম্য তিন শিক্ষার্থী -সংবাদ

### ডিজিটাল বাংলাদেশের গ্রামীণ চিত্র

# সেতুর অভাবে ৫ কিমি ঘুরে যেতে হয় স্কুলে!

প্রতিনিধি, কাঁঠালিয়া (ঝালকাঠি)

ঝালকাঠির কাঠালিয়া উপজেলার পাটিখালঘাটা ইউনিয়নের আমুয়া-মরিচবুনিয়ার চারাঘাটা মিস্ত্রী নামক খালের সামনেই রয়েছে ৩৯ নং পশ্চিম ছোনাউটা সরকারি প্রাথমিক বিদ্যালয়। ওই বিদ্যালয়ের সামনে দূর দূরান্ত থেকে সহজে এবং অল্প সময়ে সড়ক ও বিদ্যালয়ে আসতে একটি সাকো নির্মাণ করা হয়। সাঁকোটি দীর্ঘদিন যাবৎ একাংশ ভেঙে যাওয়ায় বন্ধ হয়ে যায় সহজে আসা একমাত্র অবলম্বন এই সাঁকো। আবার কিছু কিছু ছাত্রছাত্রীরা প্রায় ৫ কিলোমিটার না ঘুরে নিজেদের তৈরি করা কলাগাছের ভোর দিয়ে সহজে ও অল্প সময়ে বিদ্যালয়ে আসে। আবার অনেক ছাত্রছাত্রীরা বই খাতা নিয়ে ভোরে পারাপার করতে গিয়ে পানিতে পড়ে দুর্ঘটনার স্বীকার হয়। এলাকাবাসীর দীর্ঘদিনের দাবী ওই স্থানে দ্রুত সাঁকোটি সংস্কার করে একটি ব্রিজ নির্মাণের। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জানান, আমাদের বিদ্যালয়ে বর্তমানে প্রায় দেড় শতাধিক ছাত্রছাত্রী রয়েছে, আমাদের বিদ্যালয়ের সামনের খালের ভাঙ্গা সাঁকোটি ঠিক করা অথবা একটি ব্রিজ নির্মাণ হলে বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা আরো বাড়ত।

কাঁঠালিয়া